



ঢাকা বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : লোকপ্রশাসন বিভাগে ০৩ (তিন)টি স্থায়ী প্রভাষক পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল : ২২,০০০-৫৩,০৬০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই লোকপ্রশাসন বিষয়ে অনার্স এবং মাস্টার্স ডিগ্রি পরীক্ষায় ন্যূনতম প্রথম শ্রেণী অথবা সিজিপিএ স্কেল এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ৩.৫০ সহ এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষায় ন্যূনতম প্রথম বিভাগ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। যে সকল প্রার্থী অনার্স বা মাস্টার্স পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যেকোনো একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি আবেদনপত্র রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। প্রত্যেক কপি আবেদনপত্রের সাথে সার্টিফিকেট, মার্কশিট, প্রশংসাপত্র ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ১২/০১/২০২২। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।